

আটঘরিয়ায় হেড মিস্ট্রিসের পিটুনিতে ৪০ শিক্ষার্থী আহত প্রতিবাদে স্কুলে তালা

আটঘরিয়া (পাবনা) সংবাদদাতা

পাবনার আটঘরিয়ায় সড়াবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের হেডমিস্ট্রিসের বেদম প্রহারে ৪০ শিক্ষার্থী আহত হয়েছে। আহতদের মধ্যে ২০ ছাত্রের অবস্থা আশঙ্কাজনক। এ ঘটনায় ছাত্রছাত্রীর অভিভাবকরা বিদ্যালয়ের হেডমিস্ট্রিস দেলোয়ারা বেগমকে বিদ্যালয় অফিস রুমে তিন ঘণ্টা তালাবন্ধ করে রাখে। রবিবার এলাকাস্থানী অভিভাবকরা তার বিচারের দাবিতে বিক্ষোভ সমাবেশ করে বিদ্যালয় তালা খুলিয়ে দিয়েছে।



অভিভাবকরা জানান, শনিবার ক্লাসের পড়া না পারায় হেডমিস্ট্রিস ছাত্রছাত্রীদের ওপর চড়াও হয়ে বেদম মারধর করে আহত করে এবং দীর্ঘক্ষণ ধরে বিদ্যালয়ের মাঠে রোদের মধ্যে হাটু গেড়ে দাড়া করিয়ে রাখে। এতে কয়েকজন ছাত্র জ্ঞান হারিয়ে ফেলে। এ ঘটনায় অভিভাবক ও এলাকাস্থানী খবর পেয়ে স্কুল রুমে এসে

ছেলেমেয়েদের করুণ অবস্থা দেখে হেডমিস্ট্রিসকে তালাবন্ধ করে রাখে। এদিন কোনো সুরাহা না হওয়ায় গডবাল তারা বিক্ষোভ সমাবেশ করে বিদ্যালয়ে তালা খুলিয়ে দেয়। উপজেলা সহকারী শিক্ষা অফিসার আমজাদ হোসেন জানান, আমি রবিবার ঘটনাস্থল পরিদর্শন করেছি। ছাত্রছাত্রী আহত হওয়ার ঘটনা খুবই দুঃখজনক কিন্তু শিক্ষা অফিসার না থাকায় কোনো ব্যবস্থা নেয়া সম্ভব হয়নি।

উল্লাপাড়ায় মাদ্রাসা শিক্ষকের
পিটুনিতে দুই ছাত্র আহত

এদিকে উল্লাপাড়া (সিরাজগঞ্জ) সংবাদদাতা জানান, ছুটি না নিয়ে একদিন ক্লাস ফাকি দেয়ায় উল্লাপাড়ার বাঘুয়া কওমি মাদ্রাসার দুই ছাত্রকে পিটিয়ে আহত করেছে শিক্ষক আনিছুর। বেত্নাঘাতে তাদের শরীরের বিভিন্ন স্থানে ক্ষত সৃষ্টি হয়েছে। আহত দুই ছাত্রের নাম তারেক ও সিরাজুল।